# নিরাপদে এবং দক্ষতার সাথে ইঁদুর মারা বিষ ব্যবহার করা

ROSHIELD CONTROL

**বাদামি ইঁদুর (Rattus norvegicus) এবং নেংটি ইঁদুরের (Mus domesticus) নিয়ন্ত্রণের জন্য ইঁদুরের মারা বিষ**




ইঁদুর মারা বিষ ইঁদুরদের নিয়ন্ত্রণের একটি কার্যকর সরঞ্জাম। তবে ইঁদুর মারার বিষ ব্যবহার একটি জটিল প্রক্রিয়া এবং এটি অবহেলা করা উচিত নয়।

আপনার ইঁদুর মারার বিষের প্যাকেজিংয়ের পিছনে লেবেল এবং টোপ দেওয়ার নির্দেশাবলী **সর্বদা** পড়ুন এবং অনুসরণ করুন। এই গাইডেন্স লিফলেটটি ইঁদুর মারার বিষের প্যাকেজিংয়ের নির্দেশাবলীর প্রতিস্থাপন হিসাবে বিবেচনা করা উচিত নয়।

রোশিল্ড (Roshield) তিনটি ভিন্ন ইঁদুর মারার বিষের সক্রিয় উপাদান সরবরাহ করতে পারে; ডিফেনাকম (Difenacoum), ব্রোমাদিওলন (Bromadiolone) এবং ব্রোডিফাকুম (Brodifacoum)। অনুমোদিত এই ইঁদুর মারার বিষগুলি দীর্ঘস্থায়ী প্রভাব রয়েছে এবং নিয়ন্ত্রণ অর্জনের জন্য গড়ে 5-10 দিন সময় লাগে। এটি লক্ষ করা উচিত যে ইঁদুরের টোপ খাওয়ার আগে সতর্ক হয় যাওয়া সাধারণ। আপনি যে সক্রিয় উপাদান কিনেছেন তার নাম ইঁদুর মারার বিষের প্যাকেজিংয়ে পাওয়া যাবে।

ডিফেনাকৌম (Difenacoum) এবং ব্রোমাদিওলন (Bromadiolone) হল ইঁদুর মারার জন্য সর্বাধিক ব্যবহৃত বিষে ব্যবহৃত প্রাথমিক সক্রিয় উপাদান। এই সক্রিয় উপাদানগুলিকে ‘একাধিক-খাদ্য’ বলা হয়, এটি ইঁদুরের কোনও প্রাথমিক অসুবিধায় ভোগ না করে টোপ খেতে দেয় এবং নিয়ন্ত্রণ অর্জন না হওয়া পর্যন্ত ইঁদুর বিষ খাতে থাকের জন্য উৎসাহিত করে।

সক্রিয় উপাদান ব্রোডিফাকম (Brodifacoum) কিছুটা আলাদা, যদিও এটি দীর্ঘস্থায়ী, নিয়ন্ত্রণ অর্জনে বেশ কয়েক দিন সময় নেয়। এটি একটি ‘একক খাদ্য’ ইঁদুর মারা বিষ হিসাবে লেবেল করা হয় এবং বেশি মাত্রায় উপদ্রবে বা যে অঞ্চলে উপদ্রব নিয়ন্ত্রিত করা কঠিন সেই অঞ্চলগুলির জন্য এটি সবচেয়ে ভাল, এই টোপ অতিরিক্ত ঝুঁকি নিয়ে আসে কারণ এটি অন্যান্য পশুদের জন্য বিষাক্ত।

যে কোনও সক্রিয় উপাদান ব্যবহার করা হোক না কেন এটি গুরুত্বপূর্ণ যে অন্য কোনো **প্রাণী বা মানুষ টোপের সংস্পর্শে যাতে না আসে**। যত তাড়াতাড়ি সম্ভব প্রক্রিয়াজাতকরণ অঞ্চল থেকে মৃত ইঁদুরের দেহ খুঁজে বের করে সরিয়ে ফেলা গুরুত্বপূর্ণ।

ইউকে এবং ইইউ আইন অনুযায়ী সমস্ত অপেশাদারদের এমন বিষ ব্যবহার করা উচিত যার সক্রিয় উপাদানগুলির পরিমাণ 0.003% এর নিচে, এবং **হস্তক্ষেপ করা যায় না এমন টোপ স্টেশনগুলির** মধ্যে ব্যবহার করতে পারেন। এগুলি অন্যান্য প্রাণী এবং মানুষের ইঁদুর মারা বিষের সংস্পর্শে আসা রোধ করতে সাহায্য করে।

## ইঁদুর মারার বিষ রাখার আগে

ইঁদুর নিয়ন্ত্রণ প্রক্রিয়া শুরু করার আছে যে সমস্ত খাবার এবং জল ইঁদুর ব্যবহার করছিল তা সরিয়ে ফেলা গুরুত্বপূর্ণ। এটি ইঁদুরের বিকল্প খাদ্য উৎস সন্ধান করতে উৎসাহিত করবে এবং টোপ দেওয়ার প্রক্রিয়াটির গতি বাড়াবে।

যে খাবারগুলি প্যাকেজিং দ্বারা সুরক্ষিত করা নেই বা সিলড বাক্সগুলিতে সংরক্ষণ করা হয়নি যা ইঁদুরের সংস্পর্শে আসতে পারে সেই রখম খাবার দূষিত হতে পারে তাই এগুলি বাতিল করার পরামর্শ দেওয়া হয়। প্যাকেজজাত খাবারগুলিতে কোনও রকম ক্ষতির চিহ্ন দেখা গেলে যেমন সিরিয়াল বাক্সগুলিতে আঁচড়ের দাগ, সেই প্যাকটি ফেলে দেওয়া উচিত। যতক্ষণ না আপনি নিশ্চিত হন যে কোনও ইঁদুরের উপস্থিতি নেই ততক্ষণ খাবার পাত্রে সংরক্ষণ করা উচিত।

টোপ দেওয়ার আগে অন্য প্রানীদের কোনো ঝুঁকি আছে কিনা দেখা গুরুত্বপূর্ণ। যদি বাইরে বা এমন কোনও জায়গায় টোপ রাখেন যেখানে অন্য প্রাণীর ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে তবে আপনাকে অবশ্যই সর্বদা ইঁদুরের বিষ যুক্ত টোপ নিরাপদ রাখার জন্য এই কাজের জন্য বিশেষভাবে ডিজাইন করা একটি টোপ বক্স ব্যবহার করতে হবে।

যেই জায়গায় পৌছানো কঠিন যেমন চিলেকোঠায় ইঁদুর থাকার সম্ভাবনা বেশি। আপনি যদি আপনার চিলেকোঠায় বা অন্যান্য বদ্ধ অঞ্চলে পৌঁছাতে না পারেন তবে আমরা আপনাকে সুপারিশ করব যে এই জায়গাগুলিতে টোপ দেওয়ার জন্য আপনার বাড়িওয়ালা বা বিল্ডিং সুপারভাইজারের সাহায্য নিন এই রকম জায়গায় টোপ দিলে দ্রুত ইঁদুরের উপদ্রব নিয়ন্ত্রণে আনা যায়। প্রতিবেশীদের সাথে যোগাযোগ করাও উপকারী কারণ ইঁদুর বিল্ডিংয়ের মধ্যে চলাফেরা করতে পারে।


টোপ দেওয়া সময় একটি সাধারণ ভুল হল ইঁদুরের সংখ্যার আকারের যথার্ত মূল্যায়ন করে না। 'কম টোপ'ট না দেওয়া খুব গুরত্বপূর্ণ এটি দুর্বল নিয়ন্ত্রনের কারণ হতে পারে। প্রক্রিয়া চলাকালীন সমস্ত ইঁদুরের কন্য পর্যাপ্ত পরিমাণে টোপ দেওয়া চালিয়ে যেতে হবে যত দিন না আর টোপ নেওয়া বন্ধ হয়। কিছু দিনের জন্য আর কোনও ক্রিয়াকলাপ লক্ষ্য করা না গেলে টোপ দেওয়া বন্ধ করে দিতে হবে।

কখনই খালি হাতে ইঁদুর বা তাদের সাথে সম্পর্কিত বর্জ্য ধরবেন না ইঁদুরের মারার বিষ ও টোপ বাক্সগুলি বোস সব সময় গ্লাভস পরে হাত দিন। কাজ শেষ করে নেওয়ার পর ভালো করে হাত ধুয়ে নেওয়া উচিত।

## ইঁদুর মারার বিষ দিয়ে ইঁদুর দূর করার প্রক্রিয়াকরণ

একটি উপদ্রব নিয়ন্ত্রণ করতে প্রয়োজনীয় টোপের পরিমাণ ইঁদুরের সংখ্যার উপর নির্ভর করে ভিন্ন হতে পারে, এটি উল্লেখযোগ্য যে অনেকে ইঁদুরের সংখ্যার আকারের যথার্ত মূল্যায়ন করে না, অনেক পরিস্থিতিতে এটি 'কেবল একটি' ইঁদুর হয় না। আপনি যত সংখ্যায় ইঁদুর আশংকা করছেন তার চাইতে বেশি সংখ্যার জন্য টোপ দিন। ইঁদুরের জন্য 3- 4 টোপ স্টেশন এবং বাড়ির ছোট ইঁদুরের জন্য কমপক্ষে 5 - 10 টি ব্যবহারের জন্য প্রস্তুত থাকুন। সম্পত্তির আকারের উপর ভিত্তি করে এবং পৃথক পরিস্থিতি এই সংখ্যাও ভিন্ন হবে।

### টোপের ধরণ

| | | | |
|---|---|---|---|
| মোম বল্ক |  |  |  |
| | রোশিল্ড (Roshield) টোপ বাক্সের ভিতরে টোপ রডে মোমের ব্লকটি সুরক্ষিত ভাবে লাগিয়ে দিন। এর কারণে ইঁদুর বল্ক নিয়ে চলে যেতে পারবে না। যে কোনও একটি টোপ বাক্সে 5-10 ব্লক ব্যবহার করা যেতে পারে। | | মোম ব্লকগুলি রোশিল্ড (Roshield) মাউস বাক্সের ভিতরে রাখা ঘরোয়া ইঁদুরের উপর ব্যবহার করার জন্য। প্রতি বাক্সে কেবল 1-2 ব্লক প্রয়োজন। |
| পাস্তা স্যাচেট |  |  |  |
| | রোশিল্ড (Roshield) ইঁদুর টোপ বাক্সের মধ্যে স্যাচেট রাখুন (মোড়ক খোলার দরকার নেই)। টোপ রডের মধ্যে গেঁথে দেওয়া ভালো। ইঁদুরের জন্য প্রতি বাক্সে 5 -10 স্যাচেট ব্যবহার করা উচিত। | | ঘরের ইঁদুরের জন্য একটি রোশিল্ড (Roshield) ইঁদুর টোপ বাক্সে 2-3 স্যাচেট রাখুন |
| গম স্যাচেট |  |  |  |
| | এই স্যাচেটটি রোশিল্ড (Roshield) ইঁদুর টোপ বাক্সে রাখতে হবে (মোড়ক খোলার দরকার নেই)। স্যাচেটে একটি ছোট ছিদ্র করলে টোপ নিতে ইঁদুর উৎসাহিত হবে, ইঁদুর সহজেই বাকী অংশগুলি চিবিয়ে খাবে। | | |

## টোপ কোথায় দিতে হবে

সফলভাবে টোপ দেওয়ার মূল হল ইঁদুরের মূল ক্রিয়াকলাপের ক্ষেত্রে টোপ রাখার উপর নির্ভর করে।

ভিতরের ক্রিয়াকলাপের সাধারণ ক্ষেত্রগুলির মধ্যে রয়েছে; চিলেকোঠা (বিশেষত পাইপের প্রবেশপথগুলি), রান্নাঘরের কিকবোর্ড প্লিন্থের নিচে (আলমারির নীচের বোর্ডগুলি), ইয়ারিং কাপবোর্ড (পাইপ), প্যান্ট্রি (বায়ুচলাচল ফাঁক), দেয়ালের সাধারণ পাইপ, বাতাস ব্লক এবং বায়ুচলাচল ফাঁক, মাটির পাইপের প্রবেশপথ।

বাইরে টোপ দেওয়ার জন্য, ইঁদুরের বাসার কাছে অথবা মূল খাদ্য উৎসের কাছাকাছি টোপ বাক্সগুলি রাখা উচিত। সাধারণ জায়গাগুলি হল বাগানের পুকুরের পাথুরে অঞ্চলগুলি, শেড বা ডেকিংয়ের নিচে, সারের গাদা বা বিন অথবা গাছের কেয়ারির নিচে অস্বাভাবিক গর্ত। টোপ অবশ্যই খোলা জায়গায় বা সরাসরি প্রতিষ্ঠিত যাতায়াতের পথে রাখা উচিত নয়।

বাইরে রাখা টোপ বাক্স কোনও ভারী জিনিসের সাহায্যে সুরক্ষিত করতে হবে বা অতিরিক্ত সুরক্ষার জন্য বিকল্পভাবে বাক্সটি কোনও দেয়াল বা বেড়ার সাথে এঁটে দিন। পোষা প্রাণী উপস্থিত থাকলে বা টোপ দেওয়ার জায়গায় অন্যান প্রাণী টোপ খেয়ে ফেলার ঝুঁকি থাকলে বাক্সগুলির প্রবেশ পথের কাছে অতিরিক্ত সুরক্ষা দেওয়ার পরামর্শ দেওয়া হয়, যেমন কয়েক টুকরো প্লাই।

তত্ত্বাবধান ছাড়া টোপ রাখার আগে নিশ্চিত হয়ে নিন বাক্সটি বন্ধ এবং সুরক্ষিত রয়েছে।

## ইঁদুর মারার বিষ দেওয়ার পরে কি আশা করা যেতে পারে

টোপ 3-4 দিন দেখা চলবে না তারপর টোপ গ্রহণের উপর নির্ভর করে নিয়মিত দেখা উচিত। যদি সমস্ত টোপ খেয়ে নেয় তবে অতিরিক্ত টোপ রাখা গুরুত্বপূর্ণ। আর কোনও ক্রিয়াকলাপ দেখা না যাওয়া পর্যন্ত রোজ রোজ নিয়মিত টোপ দিতে হবে। একবার টোপ খাওয়া বন্ধ হয়ে গেলে বিষ দেওয়া বন্ধ করে দিতে হবে।

যদি কোনও টোপ না নেওয়া হয় বা অংশিক টোপ নেওয়া হয় তবে এটি ইঙ্গিত করে যে ইঁদুর এখনও সক্রিয় রয়েছে। আরো টোপ রাখা উচিত এবং কয়েক দিন অন্তর চেক করা উচিত। শেষ চিহ্নের এক সপ্তাহ পরেও যদি কোনও অতিরিক্ত ক্রিয়াকলাপের চিহ্ন না দেখা যায় তবে সম্ভবত এই উপদ্রবটি দূর হয়ছে এবং বিষ সরিয়ে নেওয়া যেতে পারে।

ইঁদুর তাদের অঞ্চলে রাখা নতুন জিনিস দেখে সতর্ক হতে পারে। এটি একটি সাধারণ সমস্যা এবং পণ্যে কোনো ত্রুটি থাকার চিহ্ন নয়। এই কারণে, প্রথমবার টোপ খেতে সময় লাগতে পারে। গড়ে এটি 3-5 দিনের মধ্যে তবে এটি বেশিও হতে পারে কিছু ইঁদুরের ক্ষেত্রে 14 দিন পর্যন্ত।

ইঁদুর দ্বারা প্রচুর পরিমাণে টোপ খাওয়া অপ্রত্যাশিত নয় এবং প্রত্যাশার চেয়ে বেশি সংখ্যায় ইঁদুর থাকার লক্ষণ হতে পারে। সব ইঁদুরের জন্য একটানা টোপ সরবরাহের প্রয়োজন তাই যদি দেখেন পুরো টোপ খেয়ে নিচ্ছে তাহলে অতিরিক্ত টোপ দেওয়ার কথা বিবেচনা করুন।

যে ইঁদুরগুলো টোপ খেয়েছে তারা সাধারনত মারা যাওয়ার জন্য তাদের বাসাতে ফিরে যাবে তবে নিয়মিত আপনার এলাকাটি খুঁজে দেখা গুরুত্বপূর্ণ কারণ ইঁদুরের মৃতদেহ থেকে অন্য প্রাণীর ক্ষতি হতে পারে। ব্রোডিফাকুম (Brodifacoum) টোপ ব্যবহার করা হলে এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। প্রক্রিয়া চলাকালীন ক্রিয়াকলাপ আরও দৃশ্যমান হতে পারে কারণ টোপ খাওয়ার পরে ইঁদুরের গতিবিধি ধীরে হয় যায়। দিবালোক ইঁদুরের চলাফেরা অথবা ইঁদুরের ধীর গতিতে চলাফেরা বিষ কাজ করার একটি সাধারণ লক্ষণ।

মৃত ইঁদুরদের মৃতদেহগুলি দুটো ব্যাগে ঢুকিয়ে, ব্যাগ সিল করে এবং ঘরোয়া বর্জ্য সিস্টেমের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। বাণিজ্যিক ব্যবসায়ের গ্রাহকদের জন্য বর্জ্যটি EWC কোড 20 01 99 (অ-বিপজ্জনক এন্ট্রি) এর অধীনে প্রক্রয়াকরণ করা উচিত।

## সংক্রামিত অঞ্চল পরিষ্কার করা


ভিতরের জায়গা যেখানে ইঁদুর চলাফেরা করেছে এই জায়গাগুলি দূষিত হয়ে যেতে পারে এবং ইঁদুরের সাথে সম্পর্কিত ব্যাকটিরিয়া এবং ভাইরাস সংক্রমণে ঝুঁকি তৈরি করতে পারে। উপযুক্ত পরিষ্কার করার বায়োসাইড স্প্রে যেমন রোশিল্ড (Roshield) স্যানিটাইজার এবং ক্লিনার স্প্রে ব্যবহার করে এই ধরনের দূষণ সরানো যেতে পারে অথবা এর ঝুঁকি কম করা যেতে পারে। এর বিকল্প হল আমাদের রোশিল্ড ইঁদুর জীবাণুনাশক এয়ারসোল (Roshield Rodent Disinfectant Aerosol) যা অতিরিক্ত সরঞ্জামের প্রয়োজন ছাড়াই ঘর ও খালি জায়গা এক শট ট্রিগার প্রক্রিয়ায় সংক্রামন মুক্ত করে।


বদ্ধ এলাকায় বা যে জয়গায় প্রক্রোয়া করা হয়নি সেখানে প্রবেশ করার সময় সর্বদা উপযুক্ত মাস্ক সহ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরিধান করুন।

## সংক্রামিত অঞ্চল সুরক্ষিত করা

ভবিষ্যতে ইঁদুরের উপদ্রব রোধে সমস্ত প্রচেষ্টা করা উচিত। একটি সফল প্রক্রিয়ার পরে রোশিল্ড (Roshield) সর্বদা ভবিষ্যত ইঁদুর প্রবেশের পথ বন্ধ করার জন্য তারের উল এবং আঠার মিশ্রণের মতো উপযুক্ত উপাদান দিয়ে যেখন ইঁদুর প্রবেশ পথ বন্ধ করার পরামর্শ দেয়। কান্নার ছিদ্র(Weep holes) এবং বায়ু ইটগুলি (air bricks) সাধারণ প্রবেশ পথ এবং জাল দিয়ে বন্ধ করা উচিত। ভাঙা ড্রেনগুলি মেরামত করাও ইঁদুরের পুনরায় উপদ্রপ বন্ধ করত সহায্য করতে পারে তবে কখনও কখনও মাটির তলার পাইপগুলির সমস্যা নির্ধারণ করার জন্য বাইরের ঠিকাদার নিয়োগ করা উচিত। আমাদের রোশিল্ড (Roshield) ড্রেন গার্ড ড্রেনেজ সিস্টেমগুলি রক্ষার জন্য একটি অতুলনীয় উপাদান।





## প্রযুক্তিগত সমস্যা

- অনেক টোপ সম্পর্কিত বিফলতা এড়ানো যায় যদি পর্যাপ্ত টোপ রাখা হয়, নিয়মিত পরীক্ষা করা হয় এবং যেখানে দরকার সেখানে আবার টোপ রাখা হয় যাতে ইঁদুর যেকোনো সময় টোপ পেতে পারে।
- কিছু অঞ্চলে প্রতিরোধ সমস্যা হতে পারে এবং এটি সুপারিশ করা হয় যে নিয়ন্ত্রণ না করা গেলে ব্রোমাডিওলোন (Bromadiolone) বা ডিফেনাকৌম (Difenacoum) ব্যবহার যেতে পারে ব্রোডিফাচুমে (Brodifacoum) পরবর্তন করা প্রতিরোধের সমস্যা সমাধান করতে পারে। ব্রোডিফাচুমে (Brodifacoum) যদিও অতিরিক্ত ঝুঁকি আছে এবং এই সক্রিয় উপাদানটি ব্যবহার করার আগে সি ঝুঁকিগুলি বোঝা উচিত। আপনার অবস্থানে প্রতিরোধ জনিত কোনো সমস্যা আছে কিনা দেখার জন্য একটি কার্যকর মানচিত্রটি www.rrac.info থেকে পাওয়া যাবে
- এটি মনে রাখা উচিত যে ইঁদুর অত্যন্ত বুদ্ধিমান, অভিযোজনযোগ্য এবং খারাপ অভিগতা থেকে দ্রুত শিক্ষা গ্রহণ করতে পারে।
- যদি ইঁদুর পুরো দিন দৌড়ে বেড়াচ্ছে আর যদি অল্প সময়ের মধ্যে ইঁদুর টোপ খেয়ে ফেলছে তাদলে বুঝতে হবে যতটা ভাবা হয়ছিল তার থেকে বেশি সংখ্যায় ইঁদুর আছে। অতিরিক্ত টোপ স্টেশন যোগ করা উচিত।
- ইঁদুরের টোপ খাওয়ার সম্ভাবনা বাড়ানোর জন্য তারা যে ধরনের খাবার কাচ্ছে তার সাথে টোপ মিশিয়ে দেওয়া ভালো। যেখানে ইঁদুর উচ্চ ফ্যাটযুক্ত খবার খাচ্ছে সেই ক্ষেত্রে পাস্তা টোপ খাওয়ার সম্ভাবনা দানাদার টোপ খাওয়ার টোপ খাওয়ার সম্ভাবনা থেকে বেশি।
- ইঁদুর যেখানে স্বাচ্ছন্দ্য বোধ করে সেখানে খাবার খায়। টোপ খাওয়ার সম্ভাবনা বাড়ানোর জন্য প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত তাদের পরিবেশেবিরক্ত করা এড়াতে হবে। এর একমাত্র ব্যতিক্রম খাবার ও জল সরানো যা শুরুতেই করা উচিত যাতে তারা নিজেদের সাধারণ খাবারের বদলে টোপ খেতে শুরু করে।
- ইঁদুরের জল দরকার হয়। টোপটি কোথায় রাখবেন তা চিন্তা করার সময় ইঁদুর জল কোথায় পাচ্ছে তা বিবেচনা করুন এবং যদি সম্ভব হয় তবে জলের উৎস বন্ধ করুন। গার্হস্থ্য সম্পত্তিগুলিতে ইঁদুর উৎপাতের একটি প্রদান কারণ খারাপ ড্রেন, প্রক্রিয়ার পরে পুনরায় উপদ্রদ হওয়া বন্ধ করতে ভালো করে চেক এবং মেরামত করুন।
- প্রক্রিয়ার পরে টোপ সরিয়ে ফেলা উচিত যাতে অন্য কোনো প্রাণী এগুলি খেয়ে না ফেলা বা এর দানা, পাস্তা বা বল্কগুলোতে পোকামাকড় না জন্মায়।

**আমাদের পণ্যগুলি সম্পর্কে আরো তথ্যের প্রয়োজন হলে বা আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে:**

# www.roshield.co.uk

*©Fort Products Limited*

*©ফোর্ট প্রোডাক্টস লিমিটেড*

*আপডেট করা হয়েছে 20/7/2020*